



THE WORLD BANK

Working for a World  
Free of Poverty

PRESS STATEMENT

পদ্মা সেতু বিষয়ে বিশ্ব ব্যাংকের বিবৃতি

সেপ্টেম্বর ২১, ২০১২ (ঢাকা সময়)

ওয়াশিংটন, -- বিশ্ব ব্যাংক গত ২৯ জুন, ২০১২ তারিখে পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের জন্য ১.২ বিলিয়ন ডলারের আইডিএ ঋণ বাতিলের ঘোষণা দিয়েছিল। এর আগে বিশ্ব ব্যাংকের ইনভেস্টিগেটিভ ইউনিট পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির বিশ্বাসযোগ্য প্রমাণ বাংলাদেশ সরকারের কাছে পেশ করেছিলো এবং এই প্রকল্পে সংশ্লিষ্ট থাকার উদ্দেশে বিশ্ব ব্যাংক, সরকারের উদ্যোগে বাস্তবায়নে জন্য কয়েকটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট পদক্ষেপ চিহ্নিত করেছিল যা বাংলাদেশ সরকার পূরণ করতে পারেননি। এসব বিষয়ের মধ্যে রয়েছে :- (ক) যেসকল সরকারী কর্মকর্তা ও সরকারী ব্যক্তিবর্গের (আমলা ও রাজনৈতিকভাবে নিয়োগপ্রাপ্ত) বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ রয়েছে, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত সরকারী দায়িত্ব থেকে তাদের ছুটি প্রদান; (খ) এই অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ দুর্নীতি দমন কমিশনে একটি বিশেষ তদন্ত দল নিয়োগ; (গ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিশেষজ্ঞদের নিয়ে গঠিত বিশ্ব ব্যাংকের নিয়োগকৃত একটি প্যানেলের কাছে তদন্ত সংশ্লিষ্ট সকল তথ্যের পূর্ণ ও পর্যাপ্ত প্রবেশাধিকারে সরকারের সম্মতি প্রদান যাতে এই প্যানেল তদন্তের অগ্রগতি, ব্যাপকতা ও সুষ্ঠুতার ব্যাপারে উন্নয়ন সহযোগীদের নির্দেশনা দিতে পারে। এবং; (ঘ) বিকল্প বাস্তবায়ন ব্যবস্থার বিষয়ে একমত হওয়া যাতে বিশ্ব ব্যাংক ও সহযোগী দাতারা প্রকল্পের ক্রয় কর্মকান্ড আরো নিবিড় ভাবে পর্যবেক্ষণের সুযোগ পায়।

ঋণ বাতিলের পর, বাংলাদেশ সরকার উপরোল্লিখিত পদক্ষেপসমূহ পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। বাংলাদেশ সরকার দুর্নীতির যে প্রমাণ বিশ্ব ব্যাংক চিহ্নিত করেছে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ শুরু করেছে। বিশ্ব ব্যাংক মনে করে যে, প্রকল্পে দুর্নীতির সাথে জড়িত বলে সন্দেহাজন সকল সরকারি ব্যক্তিবর্গকে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত সরকারি দায়িত্ব থেকে ছুটি দেয়া হয়েছে এবং একটি অবাধ ও সুষ্ঠু তদন্ত চলছে।

এসকল পদক্ষেপ গ্রহণের কথা জানানোর সময় বাংলাদেশ সরকার বিশ্ব ব্যাংককে পদ্মা বহুমুখী সেতুতে অর্থায়নের বিষয়টি পুনর্বিবেচনার অনুরোধ করে। সরকার নতুনভাবে বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণে সম্মত হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে : সেতুর নির্মাণ কাজে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য প্রকল্পে নতুন ক্রয় ব্যবস্থায় অধিকতর ও নিবিড় পর্যবেক্ষণের সুযোগ; সুষ্ঠু, অবাধ ও দ্রুত তদন্ত কাজ চালিয়ে যাওয়া; এবং তদন্ত পর্যালোচনা করে সরকার ও বিশ্ব ব্যাংকের কাছে এ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য একটি স্বাধীন এক্সটারনাল প্যানেল গঠন।

সরকারের সম্মত ব্যবস্থাগুলোর সন্তোষজনক বাস্তবায়ন এবং বিশ্ব ব্যাংকের গভর্নিং বডি'র সহায়তায়, বিশ্ব ব্যাংক পদ্মা বহুমুখী সেতুতে নতুন করে সম্পৃক্ত হতে রাজী হয়েছে।

বিশ্ব ব্যাংক পদ্মা সেতু প্রকল্পে যে কোন ধরণের দুর্নীতির ব্যাপারে কোন ছাড় দিবে না এবং যেকোন অবৈধ কর্মকাণ্ডের বিরুদ্ধে আমাদের কঠোর অবস্থানের কখনও পরিবর্তন হবে না। যথাযথভাবে বাস্তবায়িত হলে, পদ্মা সেতু বাংলাদেশের জনগণের জন্য অপার সম্ভাবনা ও সুপরিবর্তন আনবে। সরকারি অর্থের স্বচ্ছ ব্যবহার, প্রকল্পের



**THE WORLD BANK**

Working for a World  
Free of Poverty

**PRESS STATEMENT**

যথাযথ বাস্তবায়ন এবং একটি আধুনিক ও উন্নত মানের সেতু যা দেশের প্রবৃদ্ধি ও উন্নয়ন ত্বরান্বিত করবে - এটি বাংলাদেশের জনগনের অধিকার ও প্রাপ্য ।

**Contacts:**

*In Washington:* Angela Walker, (202) 473-0626, [awalker1@worldbank.org](mailto:awalker1@worldbank.org)

*In Dhaka:* Mehrin Ahmed Mahbub (8802) 8159001, [mmahbub@worldbank.org](mailto:mmahbub@worldbank.org)

*For more information on the World Bank in Bangladesh, please visit: <http://www.worldbank.org/bd>*

*Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>*